# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

শিক্ষা বোর্ড ভবন,সদর, দিনাজপুর।
Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং-মাউশিবোদি/বিনি/এসএসসি/রেজি: বিতরণ/২০২৩/১৬৪(৩৩০০) তারিখ ঃ ০৬/১১/২০২৩ খ্রিঃ।

**বিষয় ঃ ২০২৪ সালের এসএসসি (শিক্ষাবর্ষ ঃ ২০২২-২৩) পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর আওতাধীন মাধ্যমিক বিদ্যালয়সমুহের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণ নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নের ছকে উল্লিখিত সময়সূচী অনুযায়ী ২০২৪ সালের এসএসসি পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড বিতরণ করা হবে। স্ব-স্ব বিদ্যালয়ের সিরিয়াল মোতাবেক এসএসসি-২০২৪ এর রেজিঃ কার্ড না পেলে রেজিস্ট্রেশন বিতরণের তারিখ হতে ০৫ (পাঁচ) দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদেরকে শিক্ষা বোর্ডের নিবন্ধন শাখাতে আবেদন জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। অত্র বিজ্ঞপ্তি প্রকাশের নির্ধারিত তারিখের মধ্যে সংশোধন প্রয়োজন হলে **রেজিষ্ট্রেশন কার্ডের ছবি, বিষয় কোড, জন্ম তারিখ, বিভাগ/গ্রুপ ও লিঙ্গ** সংশোধন করার জন্য স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানকে শিক্ষা বোর্ডের রেজিস্ট্রেশন শাখাতে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান স্ব-স্ব বিদ্যালয়ের মুড়ি অংশ **লাল রঙের** কাপড়সহ পেস্টিং করা বাইন্ডিং পেপার দিয়ে বাইন্ডার দ্বারা বাঁধাই পূর্বক মুড়ি অংশ বই আকারে জমা দিবেন এবং মুড়িবই বাঁধাই করার পরে **লাল রঙের** কাপড়ের **পরীক্ষার বছর ও শিক্ষাবর্ষ** উল্লেখ করে ভালোভাবে আইকা আঠা দ্বারা লাগিয়ে দিন। উল্লিখিত সংখ্যা অনুযায়ী রেজিস্ট্রেশন কার্ডের শিক্ষার্থীর অংশ স্ব-স্ব বিদ্যালয়ে জমা থাকবে। শুধুমাত্র মুড়ি অংশ বাঁধাই করে শিক্ষা বোর্ডের নিবন্ধন শাখাতে স্ব-স্ব বিদ্যালয় জমা দিবেন। স্ব-স্ব বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রদেয় হার্ডকপিতে উল্লিখিত সংখ্যা অনুযায়ী সিরিয়াল মোতাবেক যতটি রেজিঃ কার্ড গ্রহণ করবেন ঠিক ততটি রেজিঃ কার্ড মুড়ি বইতে **রেজিঃ সিরিয়াল অনুযায়ী সাজিয়ে** বাঁধাই করতে হবে। কোন শিক্ষার্থীর রেজিঃ কার্ডের মুড়ি অংশ বাদ দিয়ে মুড়িবই বাঁধাই করা যাবে না। অন্যথায়, মুড়িবই সংক্রান্ত যে কোন জটিলতার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এককভাবে দায়ী থাকবেন। **উল্লেখ্য,** রেজিঃ কার্ডে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরের নিচে সীল ব্যাবহার করার প্রয়োজন নেই। **কেন্দ্রের মাধ্যমে রেজিঃ কার্ড বিতরণ বা সংশোধনী গ্রহণ করা হবে না।**

**জেলা অনুযায়ী রেজিঃ কার্ড বিতরণ (এসএসসি-২০২৩) ও বাঁধাইকৃত মুড়ি বই শিক্ষা বোর্ডে জমাদানের তারিখ ঃ**

| ক্রঃ নং | উপজেলার নাম | (এসএসসি-২০২৪) রেজিঃ কার্ড বিতরণের তারিখ | রেজিঃ কার্ডের সংশোধনী জমা দেয়া শুরু | রেজিঃ কার্ডের সংশোধনী জমা দেয়ার শেষ তারিখ | বাঁধাইকৃত মুড়িবই জমা দেয়ার তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | রংপুর সদর, সাদুল্যাপুর, নীলফামারী সদর, হরিপুর, দিনাজপুর সদর, রৌমারী, রাজিবপুর, ও দেবীগঞ্জ উপজেলা। | ১২/১১/২০২৩ খ্রিঃ | ১৩/১১/২০২৩ খ্রিঃ (বিলম্ব ফি ছাড়া) | ২৬/১১/২০২৩ খ্রিঃ (বিলম্ব ফি ছাড়া) | ০৭/০১/২০২৪ খ্রিঃ |
| ০২ | বদরগঞ্জ, গাইবান্ধা সদর, সৈয়দপুর, ঠাকুরগাও সদর, হাকিমপুর, বিরামপুর, কুড়িগ্রাম সদর, বিরল ও তেঁতুলিয়া উপজেলা। | ১৩/১১/২০২৩ খ্রিঃ | | | ০৮/০১/২০২৪ খ্রিঃ |
| ০৩ | মিঠাপুকুর,পলাশবাড়ি, ডোমার, রানীসনকৈল, ঘোড়াঘাট, ফুলবাড়ি(দিন), রাজারহাট ও হাতিবান্ধা উপজেলা। | ১৪/১১/২০২৩ খ্রিঃ | | | ০৯/০১/২০২৪ খ্রিঃ |
| ০৪ | তারাগঞ্জ, পীরগাছা, সাঘাটা, ডিমলা, পীরগঞ্জ(ঠাক), বালিয়াডাঙ্গী, নবাবগঞ্জ, বীরগঞ্জ ও ফুলবাড়ি (কুড়ি) উপজেলা। | ১৫/১১/২০২৩ খ্রিঃ | ২৭/১১/২০২৩ খ্রিঃ (বিলম্ব ফি-সহ) | ১১/১২/২০২৩ খ্রিঃ (বিলম্ব ফি-সহ) | ১০/০১/২০২৪ খ্রিঃ |
| ০৫ | কাউনিয়া, সুন্দরগঞ্জ, কিশোরগঞ্জ, আদিতমারি, কালিগঞ্জ, বোচাগঞ্জ ও নাগেশ্বরী উপজেলা। | ১৬/১১/২০২৩ খ্রিঃ | | | ১১/০১/২০২৪ খ্রিঃ |
| ০৬ | পীরগঞ্জ(রং), ফুলছড়ি, জলঢাকা, লালমনিরহাট সদর, বোদা, চিরিরবন্দর, পার্বতীপুর ও ভুরুঙ্গামারি উপজেলা। | ১৯/১১/২০২৩ খ্রিঃ | | | ১৪/০১/২০২৪ খ্রিঃ |
| ০৭ | গংগাচড়া, গোবিন্দগঞ্জ, আটোয়ারী, পঞ্চগড় সদর, পাটগ্রাম, কাহারোল, খানসামা উলিপুর ও চিলমারি উপজেলা। | ২০/১১/২০২৩ খ্রিঃ | | | ১৫/০১/২০২৪ খ্রিঃ |

**বিঃ দ্রঃ এসএসসি/২০২৪-এর কোন শিক্ষার্থীর রেজিঃ কার্ডের সংশোধনী থাকলে সংশোধন শেষে মুড়িবই জমা দিতে হবে।**

১। **এসএসসি-২০২৪** রেজিস্ট্রেশন কার্ডে **শিক্ষার্থীর নাম, ছবি, বিষয় কোড, বয়স ও লিঙ্গ** সংশোধনের জন্য শিক্ষা বোর্ডের নির্ধারিত **"ফরম-৫"** পুরণ করে ১৩/১১/২০২৩ **খ্রিঃ থেকে** ২৬/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে শিক্ষার্থী প্রতি ২০০/- টাকা হারে সোনালী সেবাসহ সংশোধনী আবেদন রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে। ২৭/১১/২০২৩ তারিখ হতে ১১/১২/২০২৩ খ্রিঃ পর্যন্ত শিক্ষার্থী প্রতি ৩০০/- টাকা হারে সোনালী সেবাসহ শুধুমাত্র বিষয় কোড ও লিঙ্গ সংশোধনের আবেদন রেজিস্ট্রেশন শাখায় আবেদন জমা দিতে হবে।

২। **এসএসসি-২০২৪** রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর **বিভাগ/গ্রুপ** সংশোধনের জন্য শিক্ষা বোর্ডের নির্ধারিত **"ফরম-৫"** পুরণ করে **১৩/১১/২০২৩ খ্রিঃ থেকে** ২৬/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে শিক্ষার্থী প্রতি ৫০০/- টাকা হারে সোনালী সেবাসহ সংশোধনী আবেদন রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে। ২৭/১১/২০২৩ তারিখ হতে ১১/১২/২০২৩ খ্রিঃ পর্যন্ত শিক্ষার্থী প্রতি ৬০০/- টাকা হারে সোনালী সেবাসহ শুধুমাত্র **বিভাগ/গ্রুপ** সংশোধনের আবেদন রেজিস্ট্রেশন শাখায় আবেদন জমা দিতে হবে। তৎপরবর্তী সময়ে আর কোন প্রকার সংশোধনীর আবেদন গ্রহন করা হবে না।

৩। রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর ছবি সংশোধন করতে হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ আবেদন করতে হবে। ছবির পিছনে স্কুলের EIIN / কোড এবং শিক্ষার্থীর রেজিঃ নং লাল কালির কলম দিয়ে লিখে রেজিঃ কার্ডের ফটোকপিতে সংযুক্ত করতে হবে। রেজিঃ কার্ডের ফটোকপিতে লাল কালির কলম দিয়ে "ছবি পরিবর্তন" লিখে দিতে হবে।

৪। রেজিস্ট্রেশন কার্ডের মুড়ির অংশ রেজিষ্টার খাতার মত **লাল রঙের কাপড়** পেষ্টিং করা বাইন্ডিং পেপার দিয়ে বাইন্ডার দ্বারা বাঁধাই করে জমা দিতে হবে।

৫। রেজিস্ট্রেশন কার্ড সংশোধনের জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিতে ভুল অংশ কেটে সঠিক অংশ **লাল কালির কলম** দিয়ে লিখে সংশোধনী ফরম-৫ পুরণ করে ০২ (দুই) সেট শিক্ষা বোর্ডের নিবন্ধন শাখাতে জমা দিতে হবে।

৬। কেন্দ্র সচিবদেরকে তাঁর কেন্দ্রের আওতাধীন প্রত্যেক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট অত্র বিজ্ঞপ্তির কপি বিতরণসহ প্রত্যেক প্রধান শিক্ষককে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৭। যে সকল শিক্ষার্থীর e-SIF আছে, কিন্তু রেজিঃ কার্ড পায়নি তাদের e-SIF ও e-FF এর ফটোকপি ও মুল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সহ দুইকপি আবেদন সংশ্লিষ্ট শাখাতে জমা দিতে হবে ।

৮। কোন শিক্ষার্থীর নাম/পিতার নাম/মাতার নাম/বয়স সংশোধন করতে হলে নাম ও বয়স সংশোধন শাখা হতে প্রাপ্ত নাম ও বয়স সংশোধন (জেএসসি) সংক্রান্ত পত্রের ফটোকপিসহ যথাযথভাবে ০২ (দুই) সেট আবেদন করতে হবে।

৯। রেজিস্ট্রেশন কার্ড সংশোধনের জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিতে ভুল অংশ কেটে সঠিক অংশ লাল কালির কলম দিয়ে লিখে সংশোধনী ফরম-৫ পুরণ করে শিক্ষা বোর্ডের নিবন্ধন শাখাতে ০২ (দুই) সেট জমা দিতে হবে, সংশোধনের জন্য "ফরম-৫" ছাড়া কোন প্রকার আবেদনের প্রয়োজন নাই ।

**নিম্ন-লিখিত কর্মচারীর নিকট হতে রেজিঃ কার্ড গ্রহণ ও রেজিঃ কার্ডের মুড়ি বই (বোর্ডের অংশ) জমা করবেন ঃ**

| ক্রঃ নং | জেলা ও উপজেলার নাম | দায়িত্ব প্রাপ্ত কর্মচারীর নাম ও পদবী | মোবাইল নং |
|---|---|---|---|
| ০১ | রংপুর ও দিনাজপুর জেলার বিরল এবং ফুলবাড়ী উপজেলা। | মোঃ নুরুজ্জামান<br>সেকশন অফিসার | ০১৭১৮-৯৩৭১২১ |
| ০২ | গাইবান্ধা ও দিনাজপুর জেলার কাহারোল, বীরগঞ্জ এবং পার্বতীপুর উপজেলা। | মোঃ আব্দুল্লাহ আল-মামুন<br>উচ্চমান সহকারি | ০১৭১০-৫৫৮২৯৩ |
| ০৩ | কুড়িগ্রাম ও দিনাজপুর জেলার সদর, চিরিরবন্দর এবং ঘোড়াঘাট উপজেলা। | মোঃ মামুনুর রশিদ (সুইট)<br>নিম্নমান সহকারি | ০১৭১৬-৭২১৬৫৫ |
| ০৪ | লালমনিরহাট ও ঠাকুরগাও | মোঃ তরিকুল ইসলাম<br>নিম্নমান সহকারি | ০১৭২৬-৮৯৮৪৬৫ |
| ০৫ | নীলফামারী ও দিনাজপুর জেলার খানসামা এবং নবাবগঞ্জ উপজেলা। | মোঃ শহিদুল ইসলাম<br>নাম্বারিং মেশিন অপারেটর | ০১৭১২-২৫৬৪৬৬ |
| ০৬ | পঞ্চগড় ও দিনাজপুর জেলার বোচাগঞ্জ, বিরামপুর এবং হাকিমপুর উপজেলা। | মোঃ আবু জাহিদ মোহাম্মদ সায়েম<br>ক্যাশ সরকার | ০১৬৮৪-৫০৬৫০৪ |

**উল্লিখিত কর্মকর্তা/কর্মচারী ব্যতীত অন্য কারও নিকট মুড়িবই (বোর্ডের অংশ) জমা দিলে মুড়িবই অংশ সংক্রান্ত যে কোন জটিলতার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান একক ভাবে দায়ী থাকবেন। রেজিঃ কার্ড সংশোধনের ক্ষেত্রে আরো দায়ীত্বশীল হওয়ার জন্য প্রত্যেক প্রধান শিক্ষককে বিশেষভাবে অনুরোধ করা হলো। এসএসসি-২০২৩ পরীক্ষার মুড়িবই অংশ লাল রঙের কাপড় পেষ্টিং করা বাইন্ডিং পেপার দিয়ে বাইন্ডার দ্বারা বাঁধাই করে স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান এর মাধ্যমে শিক্ষা বোর্ডের নিবন্ধন শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর নিকট জমা দিয়ে রিসিভ কপি নেয়ার জন্য অনুরোধ করা হলো ।**

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল মাধ্যমিক বিদ্যালয়।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
দিনাজপুর ।

স্মারক নং-মাউশিবোদি/বিনি/এসএসসি/রেজিঃ বিতরণ/২০২৩/১৬৪(৩৩০০) তারিখ ঃ ০৬/১১/২০২৩ খ্রিঃ।

<u>অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে-</u>

০১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০২। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী ।
০৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, অত্র শিংক্ষা বোর্ড।
০৫। চেয়াম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৬। Website Copy।
০৭। অফিস নথি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোঃ মাহামুদুর রহমান)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
মোবাইল নং- ০১৭১২-১০৬৩৯০ (অফিস সময়ে) ।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

শিক্ষা বোর্ড ভবন,সদর, দিনাজপুর।
Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

তারিখ ঃ.......................খ্রিঃ।

## এসএসসি-২০২৪ রেজিস্ট্রেশন সংশোধনী "ফরম-৫"

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের নিম্নে উল্লিখিত তথ্যানুযায়ী রেজিস্ট্রেশন কার্ড সংশোধন করা প্রয়োজন। (রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি লাল কালির কলম দ্বারা ভুল অংশ কেটে দিয়ে পুরো সংশোধনী অংশ লিখে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে, **সংশোধনীর জন্য** "ফরম-৫" ছাড়া কোন প্রকার আবেদনের প্রয়োজন নাই ।

**(সকল প্রকার সংশোধনীর জন্য ০২ (দুই) সেট আবেদন রেজিঃ শাখায় জমা দিতে হবে এবং সংশোধনী গ্রহনের সময় জমাকৃত আবেদন প্রদর্শন পূর্বক সংশোধনী প্রদান করা হবে।)**

**(সকল তথ্য ইংরেজি বড় অক্ষরে পুরণ করতে হবে)**

| EIIN | CODE NO | INSTITUTE NAME | ZILA |
|---|---|---|---|
| | | | |

| ক্রঃ নং | রেজিস্ট্রেশন নম্বর | ভুলের ধরণ | ভুল অংশ | সংশোধিত অংশ |
|---|---|---|---|---|
| ০১ | | | | |
| ০২ | | | | |
| ০৩ | | | | |
| ০৪ | | | | |
| ০৫ | | | | |

**উপরোক্ত রেজিস্ট্রেশন কার্ড সংশোধন করার জন্য অনুরোধ করা হলো।**

**বিদ্যালয় পরিদর্শক/উপ-বিদ্যালয় পরিদর্শক**
স্বাক্ষর ও তারিখ

**শাখা অফিসার/উচ্চমান সহকারী /নিম্নমান সহকারী**
স্বাক্ষর ও তারিখ

**সীলসহ প্রতিষ্ঠান প্রধানের**
স্বাক্ষর ও তারিখ